গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৩২.২৫.৭১৫

তারিখ: ১১ কার্তিক ১৪৩২
২৭ অক্টোবর ২০২৫

বিষয়: দেশের বিভিন্ন জেলায় নির্মিত স্মৃতিস্তম্ভে জুলাই শহিদদের নাম লিপিবদ্ধকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৯/০৯/২০২৫ তারিখের ২৫.০০.০০০০.০১৫.৯৯.০৩৬.০৭.৯৭৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় নির্মিত স্মৃতিস্তম্ভে জুলাই শহিদদের নাম লিপিবদ্ধকরণ বিষয়ে একটি সভা গত ২২ অক্টোবর ২০২৫ তারিখ বুধবার বিকাল ৩.০০টায় জনাব এ. কে. এম. আবদুল্লাহ খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণনা।

২৭/১০/২০২৫

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
০২-৫৫১০০৬৬৮
event.section@moca.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা (দৃ: আ: জনাব পলি কর, উপসচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়)।
৩. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: জনাব রুবায়েত হায়াত শিপলু, সিনিয়র সহকারী সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়)।
৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব কাজী মো: ফিরোজ হাসান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংস্থাপন ও সমন্বয়, গণপূর্ত অধিদপ্তর)।
৫. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব সালমান বিন কামাল, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর)।
৬. যুগ্মসচিব (অনুষ্ঠান/শিল্পকলা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জনাব আব্দুল হালিম চঞ্চল, পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জনাব দীপক কুমার গোস্বামী, পরিচালক, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জনাব শহিদুল ইসলাম ভুইয়া (শহিদ ফারহান ফাইয়াজ এর পিতা)।
৮. অফিস কপি।

৮২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

বিষয়: দেশের বিভিন্ন জেলায় নির্মিত স্মৃতিস্তম্ভে জুলাই শহিদদের নাম লিপিবদ্ধকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ. কে. এম. আবদুল্লাহ খান<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২২ অক্টোবর ২০২৫, বিকাল ৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জুলাই শহিদদের স্মরণে নির্মিত স্মৃতিস্তম্ভে শহিদদের নাম মেঝের নিচে বা পায়ের নিচে খোদাই করা হয়েছে উল্লেখপূর্বক সেটি সংশোধনের জন্য জনাব শহিদুল ইসলাম ভুইয়া (শহিদ ফারহান ফাইয়াজ এর পিতা) আবেদন জানিয়েছেন। এ প্রেক্ষিতে জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে শহিদদের নাম লিপিবদ্ধকরণের বিষয়ে সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।

০২। জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের ডিজাইনার জনাব আব্দুল হালিম চঞ্চল, পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি সভাকে জানান যে, গণপূর্ত অধিদপ্তরের অনুমোদিত নকশা অনুযায়ী জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের বেদিতে মাটি থেকে ০২ (দুই) ফুট উচ্চতায় শহিদদের নাম লিপিবদ্ধ করা হয়েছে। এছাড়া প্রতিটি জেলায় নির্মিত জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের সীমানা বরাবর ফেন্সিং এবং সীমানার ভিতরে ফুলের বাগান করা হলে নির্মিত স্মৃতিস্তম্ভ দৃষ্টিনন্দন হবে। তিনি আরও জানান যে, জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ নির্মাণকাজ সম্পূর্ণ শেষ না হওয়ায় শহিদদের নাম ফলক নীচে মনে হচ্ছে। প্রকৃতপক্ষে স্মৃতিস্তম্ভের সম্পূর্ণ কাজ সম্পন্ন হলে শহিদদের নাম ফলক নীচে এমন মনে হবে না, বাস্তবে দৃশ্যমান প্রেক্ষাপট ভিন্ন হবে। এ প্রেক্ষিতে অবিলম্বে জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের অসমাপ্ত কাজ সমাপ্ত করতে হবে।

০৩। জনাব কাজী মোঃ ফিরোজ হাসান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর সভাকে জানান যে, দেশের ৫৯টি জেলায় ইতোমধ্যে জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ নির্মাণের প্রাথমিক কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। তবে ৫টি জেলায় এখনো জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ নির্মাণ কাজ শুরু করা যায়নি। তিনি আরও জানান যে, কক্সবাজার জেলায় নির্মিত জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের অনুরূপ অন্যান্য জেলায় স্মৃতিস্তম্ভ নির্মাণের জন্য প্রাথমিকভাবে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৪। অত:পর সভায় দেশের বিভিন্ন জেলায় নির্মিত স্মৃতিস্তম্ভে জুলাই শহিদদের নাম লিপিবদ্ধকরণ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের বেদীতে ফেন্সিং না করে গার্ডেনিং, ওয়াক ওয়েসহ (নির্ধারিত নকশা অনুযায়ী) সীমানা বরাবর ফেন্সিং স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সুপারিশ করা হলো। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তর। |
| ৪.২ | জুলাই স্মৃতিস্তম্ভের নির্মাণ কাজ দ্রুত সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর। |
| ৪.৩ | জুলাই শহিদ স্মৃতিস্তম্ভের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর। |

৫.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১০/২৫

এ. কে. এম. আবদুল্লাহ খান
অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০৩৬.০৭-১৭৬ তারিখ : ১৪ আশ্বিন ১৪৩২ / ২৯ সেপ্টেম্বর ২০২৫

বিষয়: দেশের বিভিন্ন জেলায় নির্মিত স্মৃতিস্তম্ভে জুলাই শহীদদের নাম লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৮.০০.০০০০.০০০.০০০১.৯৯.০০১৭.২৫-৪৮৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত পত্র ও সংযুক্তির ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

২৯/০৯/২৫
(কাজী মোঃ সায়েমুজ্জামান)
উপসচিব
ফোন-৯৫১২২৩১

বিতরণ: সদয় কার্যার্থে

১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০৩৬.০৭- তারিখ : আশ্বিন ১৪৩২ / সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি:

১. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন শাখা-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(কাজী মোঃ সায়েমুজ্জামান)
উপসচিব

যুগ্মসচিব (অনুষ্ঠান অধিশাখা) এর দপ্তর
ডাইরি নম্বর:
তারিখ:
স্বাক্ষর:

| | |
|---|---|
| উপসচিব (অনুষ্ঠান) | |
| সি.নি.স. সচিব (অনুষ্ঠান) | |
| উপসচিব (শাখা-৭) | |
| সি.নি.স. সচিব (শাখা-৭) | |

সচিব মহোদয়ের দপ্তর
ডাইরি নম্বর-
তারিখ: ০৩/১০/২০২৫

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব | |
| অতিরিক্ত সচিব (কার্যক্রম ও ঐতিহ্য) | |
| অতিরিক্ত সচিব (উন্নয়ন) | |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | |
| যুগ্ম সচিব | |
| সচিবের একান্ত সচিব | |
| সচিবের স্বাক্ষর | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহণ পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রশাসন-১ শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০১.৯৯.০০১৭.২৫. ৪৮৫

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

বিষয়ঃ দেশের বিভিন্ন জেলায় নির্মিত স্মৃতিস্তম্ভে জুলাই শহীদদের নাম লিপিবদ্ধকরণ সংক্রান্ত।
সূত্রঃ জনাব শহিদুল ইসলাম ভুইয়া এর ১৬/০৯/২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে একটি আবেদন পাওয়া গিয়েছে। আবেদনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সদয় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>সচিবের দপ্তর | |
|---|---|
| ○ অতিঃ সচিব প্রঃ-১/প্রঃ-২/আইন/অডিট | ○ উপস্থাপন করুন |
| ○ অতিঃ সচিব পরিঃ ও উন্নঃ/ভূমি ও পরিত্যক্ত সঃ ব্যঃ | ○ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| ○ প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | ○ যাচাইক্রমে উপস্থাপন করুন |
| ○ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর | ○ জরুরী ভিত্তিতে পেশ করুন |
| ○ চেয়ারম্যান, রাজউক/এনএইচএ/চউক/খুউক | ○ আলোচনা করুন |
| ○ চেয়ারম্যান, রাউক/গাউক/কউক/বউক/সিউক | ○ নথিভুক্ত করুন |
| ○ [illegible] | ○ সভায় যোগদান করবেন |
| ○ সচিবের একান্ত সচিব | ○ সারসংক্ষেপ উপস্থাপন করুন |
| নং ৬২০১ তাং ২৮/০৯/২৫ | স্বাক্ষর |

নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
টেলিফোন-০২২২৩৩৮৬৬৪২
sasadmin1@molwa.gov.bd

বিতরণ:
১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।

নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০১.৯৯.০০১৭.২৫. ৪৮৫

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। অতিরিক্ত সচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। জনাব শহিদুল ইসলাম ভুইয়া, শহীদ ফারহান ফাইয়াজ এর পিতা।

নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)

তারিখঃ ১৬/০৯/২০২৫ খ্রিঃ

বরাবর
মাননীয় উপদেষ্টা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: দেশের বিভিন্ন জেলায় শহীদ স্মৃতিস্তম্ভে শহীদদের নাম পায়ের নিচে রাখার প্রতিবাদ এবং অবিলম্বে সংশোধনের আবেদন।**

মাননীয় উপদেষ্টা,

আমরা, বাংলাদেশের শহীদ পরিবারবর্গ, গভীর ক্ষোভ ও বেদনার সাথে জানাচ্ছি যে দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় শহীদদের স্মরণে নির্মিত স্মৃতিস্তম্ভ গুলোতে শহীদদের নাম মেঝের নিচে বা পায়ের নিচে খোদাই করা হয়েছে। ফলে মানুষ সেখানে দাঁড়াচ্ছে, হাটছে, এমনকি অনিচ্ছাকৃতভাবে শহীদদের নামের ওপর পা দিচ্ছে।

এটি আমাদের শহীদদের আত্মত্যাগ ও স্মৃতির প্রতি চরম অবমাননা, যা জুলাই বিপ্লবের চেতনাকে অপমানিত করছে।

আমাদের দৃঢ় দাবি-

১. **বাংলাদেশের সব জেলায় ও উপজেলায় থাকা এ ধরনের স্মৃতিস্তম্ভ অবিলম্বে সংশোধন করতে হবে।**

২. **শহীদদের নাম মেঝে বা পায়ের নিচে নয়, বরং দেয়াল, ফলক বা স্তম্ভে দৃশ্যমান স্থানে খোদাই করতে হবে।**

৩. **ভবিষ্যতে দেশের যেকোনো স্থানকে শহীদদের স্মৃতিস্তম্ভ নির্মাণয়ের ক্ষেত্রে সরকারি সার্কুলার জারি করে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে যা শহীদদের নাম কখনো পায়ের নিচে রাখা যাবে না।**

৪. **শহীদদের প্রতি সম্মান প্রদর্শন নিশ্চিত করতে মন্ত্রণালয়ের পক্ষ থেকে একটি জাতীয় নীতিমালা প্রণয়ন করতে হবে।**

**মাননীয় উপদেষ্টা,**

শহীদদের রক্তের বিনিময়ে আজকের এই নতুন স্বাধীন বাংলাদেশ। তাদের নামকে অবমাননা করে আমরা জাতি হিসেবে চলতে পারি না। আমরা শহীদ পরিবারবর্গ দাবি জানাচ্ছি অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হোক।

ধন্যবাদান্তে,

Shahidul Hosen

শহিদুল ইসলাম ভুইয়া
শহীদ পরিবারের পক্ষ থেকে
**(শহীদ ফারহান ফাইয়াজ এর পিতা)**
মোবাইলঃ ০১৯১১-৩৫৫০৩৮